

এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে গত ২৪ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনার আলোকে এ উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজন উপলক্ষে স্থানীয় গণমাধ্যমে উক্ত মেলা আয়োজন সম্পর্কিত সংবাদ ব্যাপক প্রচারের লক্ষ্যে গত ০৭/১১/২০২২ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় এ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গণমাধ্যম কর্মীসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার ব্যক্তিবর্গকে নিয়ে প্রেস ব্রিফিং এর আয়োজন করা হয়।

## ০২। ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজনঃ

### ক) মেলার ডেকোরেশন ও সাজসজ্জাঃ

তথ্য ও প্রযুক্তি বিভাগের নির্দেশনা এবং এ উপজেলায় অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত মোতাবেক এ উপজেলা পরিষদ চত্বরে মেলা আয়োজনের নিমিত্ত ৩০টি স্টল, আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত বৃহদাকার প্যাভেল, স্টেজ এবং মেলার প্রবেশ পথে সুদৃশ্য তোরণ নির্মাণ করা হয়। মেলার সকল স্টল, তোরণ, প্যাভেল এবং স্টেজ বিভিন্ন প্রকার ব্যানার, বেলুন, ফুল ইত্যাদি দ্বারা মনোরম সাজে সজ্জিত করা হয়।

### খ) মেলার উদ্বোধনঃ

মেলায় এ উপজেলার সর্বমোট ৩০টি অফিস/প্রতিষ্ঠান/উদ্যোক্তা অংশগ্রহণ করেন। মেলা আয়োজনের নির্ধারিত ০৯/১১/২০২২ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় পায়রা উন্মুক্তকরণ এবং গ্যাস বেলুনের সাথে ফেস্টুন সংযুক্ত করে উড্ডয়নের মাধ্যমে মেলার শুভ উদ্বোধন ঘোষণা করা হয়। মেলার শুভ উদ্বোধন কালে প্রধান অতিথি হিসেবে বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুস সালাম আকন্দ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর মহোদয় উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে এ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, কর্মচারী, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সাংবাদিক, জনপ্রতিনিধি, সুধীজন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী, শিক্ষার্থী এবং সর্বস্তরের প্রায় ৩০০০ জন উৎসুক দর্শনার্থী উপস্থিত ছিলেন।

### গ) মেলার বিবরণঃ

দিনব্যাপী আয়োজিত উক্ত মেলায় স্থাপিত স্টলসমূহ হতে জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং ভূমিসেবাসহ অন্যান্য ডিজিটাল সেবা মেলায় আগত সেবা প্রত্যাশী/দর্শনার্থীদের সরাসরি প্রদান করা হয়। মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, সাধারণ দর্শকসহ ব্যাপক জনসমাগম ঘটে। দর্শনার্থীরা মেলায় স্থাপিত স্টলসমূহ ঘুরে ঘুরে দেখেন এবং ডিজিটাল সেবাসমূহ সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন। একই সাথে কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি কর্তৃক মেলা প্রাঙ্গণে উদ্ভাবন ও স্মার্ট বাংলাদেশ, সরকারের বিভিন্ন মেগা প্রকল্প, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনদর্শ, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগসমূহ, করোনাকালীন পরিস্থিতিতে সরকার গৃহীত উদ্যোগ, ডিজিটাল বাংলাদেশ রূপকল্প, ডিজিটাল বাংলাদেশ চার স্তম্ভ, নির্বাচনী ইশতেহার, সকল ই-সেবা, ভিশন-২০৪১ ও ডেল্টা প্ল্যান ২০৭১, মহান মুক্তিযুদ্ধসহ বাংলাদেশের সকল অর্জন ও অন্যান্য বিষয়ে কুইজ প্রতিযোগিতা পরিচালিত হয়। উক্ত প্রতিযোগিতায় স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে তাৎক্ষণিকভাবে উৎসাহমূলক বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হয়। এছাড়া গঠিত মূল্যায়ন কমিটি মেলায় অংশগ্রহণকারীদের মধ্য হতে উদ্ভাবনী উদ্যোগ/আইডিয়া/প্রকল্প এর ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের ভিত্তিতে প্রতিটি গ্রুপে ০৩ টি করে প্রতিষ্ঠান পুরস্কারের জন্য নির্বাচন করেন।

### ঘ) আলোচনা সভা, পুরস্কার বিতরণ, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও সমাপনী অনুষ্ঠানঃ

বিকাল ০৪.০০ ঘটিকায় মেলা প্রাঙ্গণে ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, আক্কেলপুর, জয়পুরহাট এবং বিশেষ অতিথি হিসেবে মেয়র, আক্কেলপুর পৌরসভা, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, আক্কেলপুর উপজেলা কমান্ড উপস্থিত ছিলেন। আলোচনা সভায় সকল দপ্তরের কর্মকর্তা, কর্মচারী, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সাংবাদিক, জনপ্রতিনিধি, সুধীজন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী, শিক্ষার্থী এবং সর্বস্তরের প্রায় ৫০০০ জন উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে নির্বাচিত প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয়। পরিশেষে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনার মাধ্যমে মেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস.এম.হাবিবুল হাসান  
উপজেলা নির্বাহী অফিসার  
আক্কেলপুর, জয়পুরহাট